



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
শরীয়তপুর।

বঙ্গবন্ধুর দর্শন
সমর্পণে উন্নয়ন

আদেশ নং- ১১৮৫

তারিখ : ২২/১১/২০২৩ খ্রি.

মেহেতু শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন মধুমতি যুব সমবায় সমিতি লিঃ, গ্রাম : ছত্রমুড়িয়া, পোঃ- ছয়গাঁও, উপজেলা : ভেদরগঞ্জ, জেলাঃ শরীয়তপুর এর নিবন্ধন নং- শরী/৩৬১, তারিখ : ২৪/১০/২০১১ খ্রি. এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিদ্যমান সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী যথাসময়ে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান করতে না পারায় বর্তমানে আলোচ্য সমিতির ব্যবস্থাপনা কমিটির শূণ্যতা বিরাজ করছে। সেহেতু সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক নিম্ন বর্ণিত সরকারী কর্মকর্তা ও সমিতির সদস্যদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হলো।

আলোচ্য ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

| ক্রঃ নং | সদস্যদের নাম | সদস্য নং | অর্ন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটিতে পদবী |
|---------|--|----------|---|
| ০১ | জনাব মোহাম্মদ আমিনুর রহমান, সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর। | -- | সভাপতি |
| ০২ | জনাব মোহাম্মদ আব্বাস আলী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর। | -- | সদস্য |
| ০৩ | জনাব রিপন ঢালী সদস্য, মধুমতি যুব সমবায় সমিতি লিঃ | ৭৬১ | সদস্য |

নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদকালের মধ্যে বিশেষ সাধারণ সভা আহবান করে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত নির্বাচন সংক্রান্ত সার্কুলার মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।

উল্লেখ্য যে, উক্ত অর্ন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য পূর্ববর্তী ব্যবস্থাপনা কমিটিতে ছিলেন না এবং সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে।

শর্ত সমূহ :

০১। অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি খসড়া ভোটার তালিকা অনুমোদন করে সকল সদস্যের নিকট প্রেরণ নিশ্চিত করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।

০২। নির্বাচনের তারিখ নির্ধারণ করে নির্বাচনী নোটিশ সকল সদস্যের নিকট প্রেরণ নিশ্চিত করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।

০৩। অর্ন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটিকে স্বাস্থ্যবিধি মেনে সমিতির কার্যক্রম পরিচালনা করবেন।

স্বাক্ষরিত/-

(আব্দুল কাইয়ুম)

জেলা সমবায় অফিসার

শরীয়তপুর।

dco.shariotpur@coop.gov.bd

ফোনঃ ০২৪৭৮৮১৫১৮৮

তারিখ : ২২/১১/২০২৩ খ্রি.

স্মারক নং- ৪৭.৬১.৮৬০০.০০০.০১.৬৩৬.১১- ১১৮৫/১(৩)
সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

০২। উপজেলা সমবায় অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর। উক্ত অর্ন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটি তার কার্যালয়ের ২৫/১০/২০২৩ খ্রি. তারিখের ৩১৩ নং স্মারক পত্রের সুপারিশের আলোকে নিয়োগ প্রদান করা হলো।

০৩। জনাব মোহাম্মদ আমিনুর রহমান, সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর/জনাব মোহাম্মদ আব্বাস আলী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর/জনাব রিপন ঢালী, সদস্য, আলোচ্য সমিতি, সভাপতি/সদস্য, অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি মধুমতি যুব সমবায় সমিতি লিঃ, ভেদরগঞ্জ, শরীয়তপুর। আপনাকে সমিতির সকল দায়িত্বভার গ্রহণপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করার জন্য এবং সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী সমিতির কার্য পরিচালনা করার জন্য বলা হলো।

০৬। জনাব হালিমা আক্তার, সভাপতি, মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, মধুমতি যুব সমবায় সমিতি লিঃ। গ্রাম : ছত্রমুড়িয়া, পোঃ- ছয়গাঁও, উপজেলা : ভেদরগঞ্জ, জেলাঃ শরীয়তপুর। তাকে নিয়োগকৃত অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট অনতিবিলম্বে সমিতির সকল খাতাপত্র ও রেকর্ডপত্রসহ সকল দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

০৭। সংশ্লিষ্ট সমিতির নথি।

(আব্দুল কাইয়ুম)

জেলা সমবায় অফিসার

শরীয়তপুর।

dco.shariotpur@coop.gov.bd

ফোনঃ ০২৪৭৮৮১৫১৮৮